গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/এ শেখ সাহেব বাজার রোড,আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.৩১.৬৫৬.২০২০-০১ তারিখঃ ২০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ০৪ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি সুশান্ত কুমার সাহা, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, নিপোর্ট, ঢাকা।
সভার তারিখ ও সময় ২৯ ডিসেম্বর, ২০২০ খ্রি. সকাল ১০.৩০ টা
সভার স্থান নিপোর্ট ,সভাকক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) গত ২৪.১১.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর মাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | বিগত ২৪.১১.২০২০ খ্রি. তারিখের কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | বিগত ২৪.১১.২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য উপস্থাপন করা হয়। | বিগত ২৪.১১.২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী কোনরুপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২. | মন্ত্রণালয়ে মাসিক রিপোর্ট প্রেরণ ও পেন্ডিং বিষয় সংক্রান্ত। | উপপরিচালক (প্রশাসন) জানান প্রতি মাসের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন, শূণ্য পদ পূরণে কর্মপরিকল্পনা, অনিষ্পন্ন বিষয়াদির (মন্ত্রণালয়ে) প্রতিবেদন, পেন্ডিং পেনশন কেস বিষয়ে প্রতিবেদন এবং অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক ছক মোতাবেক মন্ত্রণালয়ের চাহিত প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক(প্রশাসন)/প্রশিক্ষণ/গবেষণা) অধ্যক্ষ(সকল)/ Sপ্রশিক্ষণ কর্মকর্তা (সকল) |
| ৩. | ছুটিকালীন প্রতিভূ তালিকা এবং কার্যবন্টণ তালিকা | পরিচালক (প্রশাসন) জানান যে, প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা শাখার Work Distribution তালিকা হালনাগাদ করা হয়েছে । হালনাগাদ Work Distribution তালিকা প্রত্যেক শাখার শাখা প্রধানের বসার স্থানে সংরক্ষণ করে তদনুযায়ী কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সর্বশেষ আদেশ অনুযায়ী Work Distribution তালিকা অনুসরণ এবং প্রত্যেক শাখার শাখা প্রধানের বসার স্থানে সংরক্ষণ করে স্বচ্ছতা বজায় রেখে দ্রুত কাজ সম্পন্ন করতে হবে। | পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | ফিঙ্গার প্রিন্ট, সিসি ক্যামেরা সংক্রান্ত আলোচনা | (ক) উপপরিচালক (প্রশাসন) জানান যে, কোভিড-১৯ এর কারণে ফিঙ্গার প্রিন্ট মেশিনে সকলের ফিঙ্গার প্রিন্ট নেয়া সম্ভব হয়নি। স্বাস্থ্য বিধি মেনে সকল কর্মকর্তা-কর্মচারিদেরকে দ্রুত ফিঙ্গার প্রিন্ট নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(খ) উপপরিচালক (প্রশাসন) জানান যে, প্রশাসনিক ভবনের সিসি ক্যামেরা এবং রাউটার একাডেমিক ভবনে স্থাপন করা হয়। | (ক) আগামী জানুয়ারী/২১ এর মধ্যে স্বাস্থ্য বিধি মেনে সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য ফিংগার প্রিন্ট মেশিনে ইনপুট করার কাজ সম্পন্ন করতে হবে।<br>(খ) একাডেমিক ভবনে সিসি ক্যামেরা এবং রাউটারের আরো সংযোগ দেয়ার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) জনাব মোঃ রাজিবুল হাসান, অডিও ভিজ্যুয়াল স্পেশালিষ্ট<br>(২) জনাব হিরো ধর, প্রশিক্ষক<br>(৩) সহকারী প্রোগ্রামার, টিআরডি, নিপোর্ট। |
| ৫. | সার্ভার ও অন্যান্য যন্ত্রপাতি পুরান ভবন থেকে স্থানান্তর সংক্রান্ত আলোচনা | ১. উপপরিচালক (প্রশাসন) জানান যে, সার্ভার এবং অন্যান্য আইটি বিষয়ক সকল জিনিসপত্র একাডেমিক ভবনে স্থানান্তর করা হয়েছে। সার্ভার রুমের অনলাইন ইউপিএস এর ১৬ টি ব্যাটারি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। মহাপরিচালক নিপোর্ট জানান যে, এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. সার্ভার রুমের অনলাইন ইউপিএস এর ১৬ টি ব্যাটারি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)<br>জনাব হিরো ধর, প্রশিক্ষক, সহকারী প্রোগ্রামার, নিপোর্ট |
| ৬. | ই-ফাইলিং | নিপোর্টে এখনো ই-ফাইলিং কার্যক্রম সম্পূর্ণ চালু করা সম্ভব হয়নি। সভাপতি বলেন যে, এখন থেকে নিপোর্টের সকল কর্মকর্তা এবং কর্মচারীকে সকল ফাইলের কাজ ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ই-ফাইলিং এর কাজ ধীর গতিতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ই-ফাইলিং এর মাধ্যমে কার্যক্রম আরোও বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পরিচালক (প্রশাসন) বিশেষ উদ্যোগী হয়ে বিষয়টি সমাধান করবেন। এছাড়া অন্যান্য পরিচালকগণও ই-ফাইলে চিঠিপত্র উপস্থাপন করবেন। | পরিচালক(প্রশাসন / প্রশিক্ষণ/গবেষণা) ও হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট। |
| ৭. | ওয়েব মেইল ব্যবহার | সভাপতি বলেন, অফিসিয়াল চিঠি অফিসিয়াল ওয়েব মেইলে প্রেরণ করতে হবে। কমন-ওয়েব মেইলের জন্য বিসিসিকে পত্র দেয়া হয়েছে । আরপিটিআই ও আরটিসি ওয়েব-মেইল এর জন্য পত্র পাওয়া গেছে। | ১.কমন ওয়েব-মেইলের জন্য বিসিসিকে পত্র দিতে হবে।<br>২. আরপিটিআই ও আরটিসির জন্য ওয়েব মেইল সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। | ১.পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) সকল কর্মকর্তা, নিপোর্ট। অধ্যক্ষ / প্রশিক্ষণ কর্মকর্তা<br>২.জনাব হিরো ধর, প্রশিক্ষক, নিপোর্ট। |
| ৮. | ইজিপি'র মাধ্যমে ক্রয় কার্যক্রম। | ইজিপি কার্যক্রম সম্পর্কে সভাপতি জানান যে, গত বছর একটি টেন্ডার ইজিপি'র মাধ্যমে সম্পন্ন করার নীতিগত সিদ্ধান্ত থাকলেও বাস্তবে তা সম্পন্ন করা সম্ভব হয়নি। বর্তমান অর্থ বছরে এ পর্যন্ত ১ টি ইজিপি কার্যক্রম সম্পন্ন করা হয়নি। আগামীতে টেন্ডার কার্যক্রম ইজিপিতে সম্পন্ন করতে হবে। ইজিপি কার্যক্রম শুরু | ১. ইজিপিতে ন্যূনতম ১ টি টেন্ডার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২. যিনি প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি দায়িত্ব পালন করবেন। প্রয়োজনে CPTU/ বিসিসি'র সহযোগিতা নিতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করার নিমিত্ত নিপোর্ট এর কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণের জন্য CPTU নিকট পত্র প্রেরণ করতে হবে। | | |
| ৯. | পেন্ডিং পত্র নিস্পত্তি | নভেম্বর-২০২০ মাসের নিম্নে বর্নিত পত্রাদির তথ্যাদি উপস্থাপন করা হলো।<br>প্রশাসন ইউনিটঃ<br>১.প্রশাসন শাখা-মোট পত্র-২০ টি, নিস্পন্ন-১৫ টি, মোট অনিস্পন্ন-০৫ টি।<br>২.পরিবহণ শাখা-মোট পত্র ১৫ টি,নিস্পন্ন-১৫ টি।<br>৩. নির্মাণ শাখা মোট পত্র -০৮ টি, নিস্পন্ন-০৮ টি<br>৪.আরপিটিআই শাখা-মোট পত্র-১৪ টি, নিস্পন্ন ১০ টি এবং অনিস্পন্ন-০৪ টি<br>৫.আরটিসি শাখা-মোট পত্র-১২ টি,নিস্পন্ন-১২ টি<br>প্রশিক্ষণ ইউনিটঃ<br>মোট পত্র-৮১ টি, নিস্পন্ন- ৮১ টি।<br>গবেষণা ইউনিটঃ মোট পত্র-১০ টি,নিস্পন্ন-১০ টি অনিস্পন্ন-নাই। | সকল চিঠিপত্র নিয়মিতভাবে নিস্পত্তি করতে হবে। সচিবালয় নির্দেশমালা অনুসরণ করে পত্র নিস্পত্তির তথ্য পত্র প্রাপ্তি রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। | পরিচালক (প্রশাসন/গবেষণা/প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল |
| ১০. | এক মাসের অধিককালের অনিস্পন্ন বিষয়াদির বিবরণ। | এক মাসের অধিক অনিস্পন্ন পত্র পেন্ডিং এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এক মাসের অধিক পেন্ডিং কোন পত্র থাকলে তা মহাপরিচালকের দৃষ্টিতে আনতে হবে। | পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) |
| ১১. | জনবল নিয়োগ সংক্রান্ত আলোচনা | উপপরিচালক (প্রশাসন) জানান যে, গত ২১.১০.২০২০ খ্রি. তারিখে ০৭ জন গাড়িচালক পদের নিয়োগ পত্র ডাক মারফত প্রেরণ করা হয়েছে। এছাড়া ০৩ জন গাড়িচালক পদের লাইসেন্স পরীক্ষা করার জন্য বিআরটিএ তে পত্র দেয়া হলে উক্ত তিন জন গাড়িচালকের লাইসেন্স বিআরটিএ কর্তৃক পরীক্ষা করে সঠিক আছে মর্মে বিআরটিএ লিখিত প্রতিবেদন নিপোর্ট বরাবর প্রেরণ করেছেন। গত ২১.১০.২০২০ খ্রি তারিখে আউট সোর্সিং পদ্ধতিতে ১৩ জনকে নিয়োগ দেয়ার ব্যাপারে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান/ কোম্পানীর নিকট থেকে টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভা হয়েছে। মূল্যায়ণ কমিটির রিভিউ সভা আগামীতে অনুষ্ঠিত হবে। এছাড়া ২৫.১০.২০২০ খ্রি. তারিখে ১০ জন গাড়িচালক পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও | ১. আগামী ফেব্রুয়ারী/২০২১ মাস থেকে নিয়োগ পরীক্ষা পর্যায়ক্রমে শুরু করতে হবে। তার প্রস্তুতি গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সভাপতি নিয়োগ কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবার কল্যাণ বিভাগের ৫.১২.২০১৯ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১২.১৭.৫২৩ নং স্মারকে ১০ জন সহকারি প্রশিক্ষক, ২ জন সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, ২ জন সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, ৪ জন অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং ২ জন মুদ্রাক্ষরিক পদে নিয়োগ বিজ্ঞপ্তি আহবান করা হয় কিন্তু নিয়োগ পরীক্ষা এখনো গ্রহণ করা সম্ভব হয়নি। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ৪.০৬.২০২০ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১২.১৭.১৬৮ নং স্মারকে ২১ জন অফিস সহায়ক, ২১ জন বাবুর্চি/ সহকারি বাবুর্চি, ১১ জন আয়া, ৬ জন ওয়ার্ড বয় এবং ১৭ জন নিরাপত্তা প্রহরীর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও অদ্যাবধি নিয়োগ পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২০.০৯.২০১৮ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১২.১৭.৩৭৫ নং স্মারকে ৫ জন হাউজ কিপার পদে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কিন্তু নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হয়নি। | | |
| ১২. | ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের উপর কোড ভিত্তিক আলোচনা | নিপোর্ট এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের ডিসেম্বর/২০২০ খ্রি. মাস পর্যন্ত ব্যয় নিয়ে আলোচনা হয়।<br>এছাড়া ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা সম্পর্কে আলোচনা হয় এবং ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলনের বিষয়ে আলোচনা হয়। | ১. অর্থ বছরের শুরু থেকেই পরিকল্পনা করে সিদ্ধান্ত হলেও এ বিষয়ে কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সংশ্লিষ্ট কার্যক্রম ত্বরান্বিত করার জন্য তত্ত্বাবধায়ক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন।<br>২.মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ৩১শে মার্চ ২০২১ খ্রি. তারিখে বার্ষিক ক্রয় পরিকল্পনার শর্ত মোতাবেক সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন/ ও লাইন ডাইরেক্টর ও পরিচালক (গবেষণা)/ /পরিচালক (প্রশিক্ষণ) |
| ১৩. | শুদ্ধাচার | ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ আরপিটিআই এবং আরটিসিতে প্রেরণ করা হয়েছে। এছাড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষে প্রতি মাসে কমিটির সভা করে বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। | ১. প্রতি মাসে কমিটির সভা করে বাস্তবায়ন অগ্রগতি মহাপরিচালককে জানানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | মাঠ পর্যায়ের নির্মাণ কাজ সংক্রান্ত আলোচনা | নিপোর্টের আওতাধীন সকল আরপিটিআই এবং সকল আরটিসি এর নির্মাণ সংক্রান্ত কাজ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপপরিচালক (প্রশাসন) সভায় জানান যে, ০৪ টি RPTI এবং ২টি RTC যথাক্রমে (ক) সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় RPTIএর নির্মাণ কাজ চলমান আছে। (খ) ময়মনসিংহ বিভাগীয় সদরে নতুন RPTI নির্মাণের লক্ষ্যে ২.০০ একর ভূমির প্রস্তাব প্রেরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। (গ) রংপুর বিভাগীয় সদরে প্রস্তাবিত নতুন আরটিসি নির্মাণের লক্ষ্যে ঈশ্বরগঞ্জ মৌজায় ৩.০০ একর ভূমি পাওয়া গেছে। রংপুর জেলায় মিঠাপুকুর উপজেলায় একটি RTC রয়েছে। রংপুর বিভাগীয় সদরেও RTC নির্মাণ না করে অন্যান্য বিভাগের ন্যায় রংপুর বিভাগীয় সদরেও RPTI নির্মাণ করার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। (ঘ) চাঁদপুর জেলা সদরে প্রস্তাবিত নতুন RTC নির্মাণের লক্ষ্যে ৩.০০ একর ভূমি গত ২২.০৯.২০২০ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লাকে জেলা প্রশাসক চাঁদপুর কর্তৃক বুঝিয়ে দেয়া হয়েছে। (ঙ) কক্সবাজার জেলা সদরে RTC নির্মাণ না করে অন্যান্য জেলার ন্যায় জেলা সদরে RPTI নির্মাণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। (চ) সিলেট বিভাগের মৌলভী বাজার জেলার সদর অথবা শ্রীমঙ্গল উপজেলায় একটি নতুন RTC নির্মাণের লক্ষ্যে প্রস্তাব পাওয়া গেছে। এ বিষয়ে পৃথক প্রস্তাব এ কার্যালয়ের ২১ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে ৮৩ নম্বর স্মারকের বরাতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বিষয়টি সংশোধিত OP তে অন্তর্ভূক্ত করার জন্য মহাপরিচালক নিপোর্ট স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানান। | ১. নির্মাণ ও মেরামত কাজের গুনগত মান নিশ্চিত করার জন্য প্রধান প্রকৌশলী, এইচইডি'র দৃষ্টি আকর্ষণ করেন।<br>২. রংপুর বিভাগীয় সদরে আরটিসি নির্মাণ না করে একটি আরপিটিআই এবং সিলেট বিভাগের মৌলভী বাজার জেলার সদর অথবা শ্রীমঙ্গল/কমলগঞ্জ উপজেলায় একটি RTC নির্মাণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে পত্র দিতে হবে।<br>৩. ময়মনসিংহ বিভাগীয় সদরে RPTI নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৪. কক্সবাজার জেলা সদরে RTC নির্মাণ না করে অন্যান্য জেলার ন্যায় জেলা সদরে RPTI নির্মাণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. সিলেট বিভাগের মৌলভী বাজার জেলার সদর অথবা শ্রীমঙ্গল/কমলগঞ্জ উপজেলায় একটি নতুন RTC নির্মানের লক্ষ্যে বিষয়টি সংশোধিত OP তে অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান প্রকৌশলী ,স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>প্রধান প্রকৌশলী ,স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>প্রধান প্রকৌশলী ,স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৫. | অকেজো গাড়ি দরপত্রের মাধ্যমে বিক্রি সংক্রান্ত আলোচনা | ১. উপপরিচালক (প্রশাসন) জানান যে, ৪টি মাইক্রোবাস যথাক্রমে নিপোর্ট প্রধান কার্যালয়ের ১টি , রাজশাহী RPTI এর ১টি, কুমিল্লা RPTI এর ১টি এবং গাংনি, মেহেরপুর RTC এর ১টি সংশ্লিষ্ট BRTA এর অকেজো ঘোষণা করণের সুপারিশ পাওয়া যায়। উপপরিচালক নিপোর্ট | ১. মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়ার পর দ্রুত টেন্ডারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বলেন যে, ৪টি মাইক্রোবাস এর ব্যবহার অযোগ্য মালামাল/ যানবাহন অকেজো ঘোষণাকরণ বিনষ্ট/ বিক্রয় সংক্রান্ত কমিটি সভা করে সুপারিশ আকারে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>২. জাস/সাস নম্বরযুক্ত ০৭ টি গাড়ি এবং পরবর্তীতে অচল হওয়া ০২ টি গাড়ি মোট ০৯ টি গাড়ি অকেজো ঘোষণা করার নিমিত্ত মন্ত্রণালয়ে পুনঃপত্র লেখার বিষয়ে আলোচনা হয়। | ২. জাস/সাস গাড়ির ছবিসহ অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | |
| ১৬. | মুজিব বর্ষ উপলক্ষে বৃক্ষ রোপণ সংক্রান্ত আলোচনা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে আরপিটিআই এবং আরটিসি এর অফিস ভবন চত্বরে বকুলসহ অন্যান্য দীর্ঘজীবী গাছ লাগানোর বিষয়ে সভায় আলোচনা হয় । উপপরিচালক (প্রশাসন) জানান যে, মুজিব বর্ষ উপলক্ষে এ পর্যন্ত ১২ টি RPTI এবং ২০ টি RTCতে বিভিন্ন প্রজাতির ৪৬০ টি বৃক্ষ রোপনের প্রতিবেদন পাওয়া গেছে। | রোপিত গাছের পরিচর্যা নিয়মিত করতে হবে। | অধ্যক্ষ (সকল) আরপিটিআই এবং প্রশিক্ষণ কর্মকর্তা (সকল) আরটিসি |
| ১৭. | অডিট সংক্রান্ত আলোচনা | ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তি করার ব্যাপারে গত সভায় আলোচনা হয়েছিল। উপপরিচালক (প্রশাসন) জানান যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৫.১০.২০২০ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১২৪.০১.০১৮.২০-২৫৪ নং স্মারকের বরাতে ১৯৭১-৭২ অর্থ বছর থেকে ২০০৯-২০১০ অর্থ বছর পর্যন্ত সকল সাধারণ অডিট নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে নিপোর্ট, আরপিটিয়াআই এবং আরটিসি-তে ২০১০-২০১১ অর্থ বছর থেকে ২০১৭-২০১৮ পর্যন্ত মোট ৪৬ টি নিরীক্ষা আপত্তি আছে। আপত্তির বিপরীতে মোট ১০১,৮৯,৫০,৫২৭.৩৮ ( একশত এক কোটি উননব্বই লক্ষ পঞ্চাশ হাজার পাঁচশত সাতাশ) টাকা জড়িত আছে। এছাড়া অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরিত পত্রাংশ নিয়ে আলোচনা হয়। | ১. নিপোর্ট এর আওতাধীন সকল আরপিটিআই এবং সকল আরটিসি নির্ধারিত ছক মোতাবেক পূর্ণাংগ তথ্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২.অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরিত পত্রসমূহে সঠিক তথ্য উপস্থাপন করে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩. পরিচালক (প্রশাসন) দু/একটি প্রতিষ্ঠান নিয়ে পৃথক সভা করে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়ে আরও উদ্যোগী হবেন। | পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রশাসন) |
| ১৮. | এপিএ সংক্রান্ত আলোচনা | ২০২০-২১ অর্থ বছরের এপিএ বাস্তবায়নে বিভিন্ন সূচকের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় ফোকাল পার্সন জনাব মো. রাজিবুল হাসান জানান যে, গত ০১/১১/২০২০ খ্রি. তারিখ থেকে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ শুরু হয়েছে। RPTI সমূহে ৩১০ জন FWV মৌলিক | ১. ২০২০-২১ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>২. ২০২০-২১ অর্থ বছরে এপিএতে গৃহীত কার্যক্রম বাস্তবায়নে পরিচালকগণ আরো তৎপর হবেন।<br>৩. প্রত্যেক পরিচালক তার | পরিচালক (প্রশাসন)/ এবং জনাব রাজিবুল হাসান ও এপিএ ফোকাল পার্সন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছেন | ইউনিটের এপিএর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন বিষয়ে পর্যালোচনা সভায় আলোচনা করবেন। ফোকাল পার্সন এ বিষয়ে সার্বিক সহায়তা প্রদান করবেন। | |
| ১৯. | প্রশিক্ষণ কার্যক্রম বিষয়ে আলোচনা | ১) উপপরিচালক (প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, পরিচালন ব্যয়ের মাধ্যমে ডিসেম্বর/২০২০ পর্যন্ত মোট ৩১০ জন FWV এর ১৮ মাসের ও ৪৭৩ জন FWV এর ০২ মাসের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উন্নয়ন খাতে এ সময়ে মোট ২৩৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া USAID এর MaMoni MNCH প্রকল্পের আওতায় মোট ১১২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১) ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণের বাস্তব ও আর্থিক অগ্রগতির শতভাগ অর্জনের জন্যে বছরের শুরু থেকে সচেষ্ট থাকতে হবে। | ১) পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট ও উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট। |
| ২০. | কারিকুলাম বিষয়ক আলোচনা | ১) ২০২০-২০২১ অর্থ বছরের (ক) কোভিড-১৯ মহামারী প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং প্রাথমিক পরিচর্যা (খ) Training of Trainers (ToT) (গ) Food Safety and Hygiene বিষয়ে ০৩টি নতুন কারিকুলাম প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে শুরু হওয়া Disaster Prevention & Management কারিকুলামটির প্রণয়ন কাজ সম্পন্ন করা করা হবে। | ১) ২০২০-২০২১ অর্থ বছরে কারিকুলামগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে প্রণয়ণ/রিভিউ করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট ও কারিকুলাম বিশেষজ্ঞ, নিপোর্ট। |
| ২১. | উন্নয়ন সহযোগীদের সাথে কার্যক্রম | ১) USAID funded Shukhi Jibon Project এবং MNCS Project of Save the Children-এর কর্মপরিকল্পনা USAID কর্তৃক অনুমোদিত হয়েছে। Save the Children নভেম্বর ২০২০ থেকে মার্চ ২০২১ পর্যন্ত ২৯ ব্যাচে (০২ ব্যাচ ToT সহ) মোট ৬৩৩ জনকে প্রশিক্ষণ প্রদান করবে। গত ২২/১১/২০২০ খ্রি. তারিখ থেকে ফরিদপুর আরপিটিআই-তে Maternal Health Package বিষয়ে ০৫ দিনের ০১ ব্যাচ প্রশিক্ষণ শুরু হয়েছে। কুমিল্লা আরপিটিআই-তে একই বিষয়ে আগামী ০৬/১২/২০২০খ্রি. তারিখ থেকে ০১ ব্যাচ প্রশিক্ষণ শুরু হবে।<br><br>২) Shukhi Jibon Project এর মাধ্যমে ১০-১১ নভেম্বর, ২০২০ খ্রি. তারিখ Training Management Improvement Framework/Strategy বিষয়ে ০২ দিন ব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। | ১) উন্নয়ন সহযোগিদের কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | ১) পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট ও উপপরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২. | Bangladesh Demographic and Health Survey 2017-18: | BDHS 2017-18 জরিপের চুড়ান্ত প্রতিবেদন মূদ্রণ সম্পন্ন করে সার্ভে ডাটা অবমুক্ত করা হয়েছে। | কাজ সম্পন্ন হওয়ায় পরবর্তী সভা থেকে এ বিষয় বাদ দেয়া হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |
| ২৩. | Bangladesh Adolescent Health and Wellbeing Survey 2019: | ১. সার্ভের প্রাথমিক প্রতিবেদনের জন্য প্রস্তুত করা chapter সমূহ পর্যালোচনা করা হচ্ছে। পর্যালোচনার প্রেক্ষিতে প্রয়োজন অনুযায়ী পুনরায় ডাটা এনালাইসিস, নতুন টেবিল প্রস্তুতকরণ ও চূড়ান্ত করণের কাজ চলছে।<br>২. সার্ভের প্রাথমিক প্রতিবেদনের অগ্রগতি পর্যালোচনার জন্য জানুয়ারী ২০২১ এর ২য় সপ্তাহে icddr'b সহ একটি সভা আহবান করা হবে এবং সভার পর দ্রুততম সময়ে সার্ভের প্রাথমিক প্রতিবেদন মূদ্রণ এর পদক্ষেপ নেয়া হবে। | সার্ভের প্রাথমিক প্রতিবেদনের অগ্রগতি পর্যালোচনার জন্য icddr'b সহ দ্রুত একটি সভা আহবান করা হবে এবং দ্রুততম সময়ে সার্ভের প্রাথমিক প্রতিবেদন মূদ্রণ ও প্রকাশ করতে হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |
| ২৪. | An assessment of current status of PPFP services in Bangladesh: Identify the opportunities and Barriers. বিষয়ক আলোচনা | ১. গবেষণা প্রতিবেদনের 2nd draft তৈরী করা হয়েছে ।<br>২. তৈরী গবেষণা প্রতিবেদন রিভিউ করার পর নির্বাচিত সেবা কেন্দ্রে পিইসি করা হচ্ছে। জানুয়ারী ২০২১ এর ২য় সপ্তাহে পিইসি সমাপ্ত হবে।<br>৩. পিইসি এর প্রাপ্ত ফলাফল রিভিউ করে পতিবেদন চূড়ান্ত করা হবে। | এ গবেষণা কার্যক্রম বাস্তবায়নে ধীর গতিতে সভায় অসন্তোষ প্রকাশ করেন। কতো সময়ের মধ্যে এটির কাজ সম্পন্ন হবে তা আগামী সভায় জানাবেন। | মূল্যায়ন বিশেষজ্ঞ |
| ২৫ | Utilization of Essential Service Delivery (UESD) Survey 2019: বিষয়ক আলোচনা | ১. ১১ নভেম্বর ২০২০ তারিখে সার্ভের তথ্য সংগ্রহ কাজ শেষ হয়েছে।<br>২. বর্তমানে ডাটা এনালাইসিস কাজ চলমান। | জানুয়ারী ২০২১ এর মধ্যে সার্ভের প্রাথমিক প্রতিবেদন মূদ্রণ এর পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |
| ২৬. | অগ্রাধিকার ভিত্তিক গবেষণা কার্যক্রম | (১) অগ্রাধিকার ভিত্তিক গবেষণা কার্যক্রম বিষয়ে আলোচনাকালে পরিচালক গবেষণা জানান যে, মূল্যায়ন কমিটি নিম্নবর্নিত ৯টি অগ্রাধিকার ভিত্তিক গবেষণার জন্য প্রাপ্ত EOI প্রস্তাবনা সমূহ মূল্যায়ন সম্পন্ন করে প্রতিষ্ঠান short listed করে ১৫ অক্টোবর ২০২০ তারিখে short listed প্রতিষ্ঠানে RFP প্রেরণ করা হয়।<br>২২ নভেম্বর ২০২০ তারিখে short listed প্রতিষ্ঠান থেকে Technical ও Financial | ১৫ জানুয়ারী ২০২১ এর মধ্যে গবেষণা সমূহের জন্য short listed প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রপোজাল সমূহ মূল্যায়ন শেষ করতে হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | proposal গ্রহণ করা হয়েছে।<br><br>1) Family Planning Maternal, Child, Reproductive and Adolescent Health Services in the Urban Areas (City Corporations, Municipalities and Cantonment Board<br>2) Assess Existing Referral System of Health and Family Planning Program in Bangladesh: for strengthening the system<br>3) Public-private partnership to expand access to Reproductive Health<br>4) Assessment of Institutional Capacity and Quality of Training Conducted by NIPORT<br>5) Prevalence of Pregnancy Induced Hypertension and its Determinants in Bangladeshi Population<br>6) Situation Analysis of Stress and Stress-coping among Adolescent<br>7) Utilization of Community Clinic Services: Providers & Client Perspectives<br>8) Determine the Role of Local Government in Facilitating Reproductive Health and Nutrition Services in Bangladesh<br>9) Family Planning Programs for Refugees for and Internally Displaced Populations. | | |
| ২৭. | Bangladesh Urban Health Survey (BUHS) 2020 | ১. সার্ভের বাংলা ও ইংরেজী প্রশ্নপত্র তৈরী করা হয়েছে।<br>২. গত ০২ ডিসেম্বর ২০২০ তারিখে সার্ভের অগ্রগতি পর্যালোচনার জন্য মহাপরিচালক, নিপোর্ট মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>৩. সংগ্রহেরে জন্য বিবিএস এর সহযোগীতায় slum identification সম্পন্ন করা হয়েছে।<br>বর্তমানে লিস্টিং কাজ চলমান। | প্রশ্নপত্র চূড়ান্ত করণের জন্য দ্রুত স্টেইক হোল্ডার এডভাইজারী কমিটির সভা আহবান করতে হবে এবং তথ্য সংগ্রহ কাজ আরম্ভ করতে হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |
| ২৮ | Developing Directory and Service Profile of Public, Private and NGO Sector Health Facilities: বিষয়ক আলোচনা | সস্টাডির প্রশ্নপত্র তৈরী করা হয়েছে।<br>গত ০২ ডিসেম্বর ২০২০ তারিখে সার্ভের অগ্রগতি পর্যালোচনার জন্য মহাপরিচালক, নিপোর্ট মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | প্রশ্নপত্র চূড়ান্ত করণের জন্য দ্রুত কমিটির সভা আহবান করতে হবে এবং তথ্য সংগ্রহ কাজ আরম্ভ করতে হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | Knowledge Synthesis and Promotion of Use of Research, Survey and Evaluation Results in HPN Sector | এ গবেষণার আওতায় নিম্নবর্নিত ২ টি বিষয়ে Knowledge/policy briefs তৈরী হবে;<br>a) Comparative analysis of maternal health services<br>b) Comparative analysis of nutritional status among children<br>গবেষণার জন্য literature review and secondary analysis এর কাজ চলমান। জানুয়ারী ২০২১ এর মধ্যে প্রথম analysis প্রতিবেদন পর্যালোচনার জন্য সভা আহবান করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার প্রতিবেদন প্রণয়ন কাজ শেষ করতে হবে। | পরিচালক (গবেষণা) ও মূল্যায়ন বিশেষজ্ঞ |
| ৩০ | Follow up of FWV basic training conducted during last one/two years" শীর্ষক গবেষণা | পরিচালক (গবেষণা) জানান যে, TWG এর সভার সিদ্ধান্ত অনুযায়ী এফডাব্লিউভিদের পারফরমেন্স রিলেটেড নতুন শিরোনামে গবেষণাটি বাস্তবায়নের জন্য প্রস্তুতি মূলক কাজ আরম্ভ করেছেন। নতুন শিরোনামে গবেষণাটি বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হয়েছে। | নতুন শিরোনামে গবেষণাটি দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (গবেষণা) ও গবেষণা সহযোগী |
| ৩১ | Newsletter-NIPORT Barta ৩য় সংখ্যা মূদ্রণ ও প্রকাশ। | Newsletter-NIPORT Barta বার্তা নতুন সংখ্যা প্রণয়ের কাজ আরম্ভ করা হয়েছে। | দ্রুততম সময়ে NIPORT Barta বার্তা নতুন সংখ্যা মূদ্রণ ও প্রকাশ করতে হবে। | পরিচালক (গবেষণা) ও লাইব্রেরিয়ান ও ডকুমেন্টেশন অফিসার |
| ৩২. | বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০ | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। | দ্রুততম সময়ে বার্ষিক প্রতিবেদন মূদ্রণ ও প্রকাশ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও লাইব্রেরিয়ান ও ডকুমেন্টেশন অফিসার। |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০১/২০২১

(সুশান্ত কুমার সাহা)
মহাপরিচালক ও অতিরিক্ত সচিব
ফোন : ৯৬৬২৪৯৫
ই-মেইল : dg@niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.৩১.৬৫৬.২০২০–০১

তারিখঃ ২০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২১খ্রিষ্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।

২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ /গবেষণা), নিপোর্ট (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

৩। প্রধান প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ ঢাকা।

৪। উপপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৫। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)..................................।

৬। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)..................................।

৭। সকল কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৮। জনাব ......................................................................, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৯। মহাপরিচালক মহোদয়ের গোপনীয় সহকারী, নিপোর্ট (কার্যবিবরণীটি নিপোর্টের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

১০। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নিপোর্ট পত্রটি ই-মেইলে প্রেরণ করবেন।

04/01/2021

(মো. মিজানুর রহমান)
উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব
ফোন : ৫৮৬১৭৩১৩
ই-মেইল : ddadmin@niport.gov.bd